শিক্ষাক্রম ২০২২

# ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা

বিষয় : বৌদ্ধধর্ম শিক্ষা। সপ্তম শ্রেণি

অভিজ্ঞতাভিত্তিক শিখন

যোগ্যতাভিত্তিক

সহযোগিতামূলক

শিখনকালীন মূল্যায়ন

একীভূত

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# ৭ম শ্রেণির ষাণ্মাসিক মূল্যায়ন বিষয়ে শিক্ষকদের জন্য নির্দেশনা

## বিষয় : বৌদ্ধধর্ম শিক্ষা

## শিক্ষাবর্ষ : ২০২৩

ষাণ্মাসিক (পরীক্ষার) সামষ্টিক মূল্যায়ন

| যোগ্যতা | অভিজ্ঞতা | পারদর্শিতার নির্দেশক | কাজ | সময়/সেশন |
|---|---|---|---|---|
| ৭.১ বৌদ্ধধর্মের উৎসসমূহ হতে বৌদ্ধধর্মের মৌলিক জ্ঞান আহরণ করে ধর্মগ্রন্থের (বয়স উপযোগী) নির্দেশনা অনুসরণ করতে পারা<br><br>৭.২<br>বৌদ্ধধর্মের মৌলিক উৎস হতে প্রাপ্ত নির্দেশনা অনুসরণ করে ধর্মীয় বিধি-বিধান চর্চা করতে পারা | **১. সূত্র পিটক**<br><br>**২.শীল: অষ্টশীল** | **৭.১.১**<br>বৌদ্ধধর্মের উৎস সমূহ হতে মৌলিক জ্ঞান আহরণ করে উপলব্ধি প্রকাশ করছে<br><br>**৭.১.২**<br>শিক্ষার্থী বৌদ্ধধর্মের মৌলিক বিষয়বস্তুভিত্তিক নির্দেশনা অনুসরণ করছে।<br><br>**৭.২.১**<br>শিক্ষার্থী বয়স উপযোগী ধর্মীয় মৌলিক বিধি-বিধানগুলো অনুধাবন করছে।<br><br>**৭.২.২**<br>শিক্ষার্থী বয়স উপযোগী ধর্মীয় মৌলিক বিধি-বিধানগুলো চর্চা করেছে। | **কাজ -১ :** প্রতিবেদন উপস্থাপনা<br>সূত্রপিটকের কয়টি বিভাগ, তার উল্লেখসহ প্রত্যেকটি বিভাগের বিষয়বস্তু নিয়ে একটি প্রতিবেদন লেখো। সময় : ২০ মিনিট।<br><br>**কাজ -২**<br>অষ্টশীল গ্রহণের প্রক্রিয়াটি জোড়ায় ভূমিকাভিনয় করে দেখাও।<br>সময় : ১৫ মিনিট<br>**কাজ -৩**<br>অভিজ্ঞতা লিখন ।<br>প্রত্যেক শিক্ষার্থী অভিনয়ের অভিজ্ঞতা পৃথকভাবে লিখে শিক্ষকের কাছে জমা দেবে। সময় : ২০ মিনিট।<br>অভিজ্ঞতা পত্রে যা যা থাকবে:<br>● ভূমিকাভিনয়ে শিক্ষার্থী কি কি বিষয়ে গুরুত্ব দিয়েছিল,<br>● ভূমিকাভিনয়ে শিক্ষার্থী কি দায়িত্ব পালন করেছিল,<br>● ভূমিকাভিনয়ে শিক্ষার্থী নেতিবাচক ও ইতিবাচক কী দেখল তার উল্লেখ। | প্রয়োজন মতো |

**শিক্ষকের প্রতি নির্দেশনা :**

ক) প্রথমেই ষাণ্মাসিক পরীক্ষার প্রস্তুতির জন্য ‘শিক্ষক সহায়িকা’র যোগ্যতাসমূহ হতে শ্রেণিভিত্তিক যোগ্যতা ১ ও ২ এবং মূল্যায়ন নির্দেশিকা ভালো করে পড়ে নিন।

খ) শিক্ষার্থীদেরকে মূল্যায়নের জন্য দুটি প্রস্তুতিমূলক পিরিয়ড/ সেশন বরাদ্দ রাখুন। সেশন দুটিতে তাদেরকে প্রথম থেকে তৃতীয় অধ্যায় হতে সামষ্টিক মূল্যায়নের জন্য প্রস্তুত হওয়ার পরামর্শ দিন।

গ) সামষ্টিক মূল্যায়ন লিখিত এবং অন্য যে কোনোভাবে গৃহীত হতে পারে, সে সম্পর্কে মানসিক প্রস্তুতি নিতে বলুন।

ঘ) মূল্যায়নের দিন প্রথম কাজ (কাজ-১) এর জন্য ৪ পৃষ্ঠার একটি খাতা সরবরাহ করুন। তাতে প্রথম পৃষ্ঠার ওপরের অংশে নাম, শ্রেণি, রোল শাখা লিখতে বলুন। লেখা শেষ হলে কাজ-১ প্রশ্নটি মুখে বলুন এবং শিক্ষার্থীদের লিখে নিতে বলুন। প্রশ্ন লেখা শেষ হলে ২০ মিনিটের মধ্যে উত্তর লিখে জমা দেওয়ার নির্দেশ দিন।

ঙ) দ্বিতীয় কাজ (কাজ-২) এর জন্য জোড়া নির্ধারণ করুণ এবং প্রত্যেক জোড়ার নাম বা নম্বর দিয়ে নির্দিষ্ট করুণ। প্রত্যেক জোড়া / দলকে অষ্টশীল গ্রহণের ভূমিকাভিনয় করতে বলুন। সময়: ১৫ মিনিট।

প্রত্যেক শিক্ষার্থীকে অন্য জোড়াসমূহের উপস্থাপনা লক্ষ্য করার নির্দেশ দিন। প্রত্যেক দলের উপস্থাপনার মূল্যায়ন রেকর্ড রাখুন।

চ) প্রত্যেক শিক্ষার্থীকে পরবর্তী দলের উপস্থাপনার গুরুত্বপূর্ণ দিক এবং নিজেদের অভিনয়ের অভিজ্ঞতাপত্র লেখার নির্দেশনা দিন এবং আরও ২ পৃষ্ঠা কাগজ সরবরাহ করুন। নাম, শ্রেণি, রোল, শাখা ইত্যাদি লিখে ২০ মিনিটের মধ্যে জমা দেওয়ার নির্দেশ দিন।

ছ) প্রথম কাজ (কাজ-১) লিখিত প্রতিবেদন, অভিনয় উপস্থাপনার মূল্যায়ন রেকর্ড এবং কাজ-৩ এর অভিজ্ঞতাপত্র মূল্যায়ন পূর্বক সকল রেকর্ড 'মূল্যায়ন ছক'-এ সংরক্ষণ করুন।

## শিক্ষার্থীর ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ

কোনো একজন শিক্ষার্থীর সবগুলো পারদর্শিতার সূচকে অর্জনের মাত্রা ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা থাকবে (পরিশিষ্ট-৪ এ ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট সংযুক্ত করা আছে)। শিক্ষার্থীর মূল্যায়নের প্রতিবেদন হিসেবে ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের পর এই ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হবে, যা থেকে শিক্ষার্থী, অভিভাবক বা সংশ্লিষ্ট ব্যাক্তিবর্গ বৌদ্ধধর্ম শিক্ষা বিষয়ে শিক্ষার্থীর সামগ্রিক অগ্রগতির একটা চিত্র বুঝতে পারবেন।

শিখনকালীন ও ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নে প্রত্যেক শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রার ভিত্তিতে তার ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট তৈরি করা হবে। ট্রান্সক্রিপ্টের ক্ষেত্রেও শিক্ষার্থীর প্রাপ্ত অর্জনের মাত্রা চতুর্ভুজ, বৃত্ত, বা ত্রিভুজ (□ ○ △) দিয়ে প্রকাশ করা হবে। এখানে উল্লেখ্য যে, শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়নে একই পারদর্শিতার সূচকে একাধিকবার তার অর্জনের মাত্রা নিরূপণ করতে হতে পারে। এরকম ক্ষেত্রে, একই পারদর্শিতার সূচকে কোনো শিক্ষার্থীর দুই বা ততোধিক বার ভিন্ন ভিন্ন মাত্রার পর্যবেক্ষণ পাওয়া যেতে পারে। এক্ষেত্রে, কোনো একটিতে—

- যদি সেই পারদর্শিতার সূচকে ত্রিভুজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, তবে ট্রান্সক্রিপ্টে সেটিই উল্লেখ করা হবে।
- যদি কোনোবারই ত্রিভুজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত না হয়ে থাকে তবে দেখতে হবে অন্তত একবার হলেও বৃত্ত ( ○ ) চিহ্নিত মাত্রা শিক্ষার্থী অর্জন করেছে কিনা; করে থাকলে সেটিই ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা হবে।
- যদি সবগুলোতেই শুধুমাত্র চতুর্ভুজ ( □ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, শুধুমাত্র সেই ক্ষেত্রে ট্রান্সক্রিপ্টে এই মাত্রার অর্জন লিপিবদ্ধ করা হবে।

# পরিশিষ্ট ১

ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক

## ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন

| প্রতিষ্ঠানের নাম : | | তারিখ: |
|---|---|---|
| শ্রেণি : ৭ম | বিষয় : বৌদ্ধধর্ম শিক্ষা | শিক্ষকের নাম ও স্বাক্ষর : |

| | | প্রযোজ্য PI/BI নং | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| রোল নং | নাম | | | | | | | | | | |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |

| | | প্রযোজ্য PI/BI নং | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| রোল নং | নাম | | | | | | | | | | |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |

# পরিশিষ্ট ২

## ষাণ্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট

| | | | |
|---|---|---|---|
| প্রতিষ্ঠানের নাম | | | |
| শিক্ষার্থীর নাম : | | | |
| শিক্ষার্থীর আইডি : | শ্রেণি : সপ্তম | বিষয় : বৌদ্ধধর্ম | শিক্ষকের নাম : |

## পারদর্শিতার সূচকের মাত্রা

| পারদর্শিতার সুচক | শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|
| ৭.১.১ ধর্মীয় উৎসসমূহ হতে ধর্মের মৌলিক জ্ঞান আহরণ করে উপলব্ধি প্রকাশ করছে। | □ শিক্ষার্থী ধর্মীয় মৌলিক বিষয়বস্তু জেনে শ্রেণিকক্ষে সংবেদনশীল আচরণ প্রদর্শন করছে | ○ শিক্ষার্থী ধর্মীয় মৌলিক বিষয়বস্তু জেনে শিখণ পরিবেশে (শ্রেণিকক্ষ, বিদ্যালয় ও পরিবার) সংবেদনশীল আচরণ প্রদর্শন করছে। | △ শিক্ষার্থী ধর্মীয় মৌলিক বিষয়বস্তু জেনে যে কোনো প্রেক্ষাপটে বাস্তব জীবনের সঙ্গে সম্পৃক্ত হয়ে সংবেদনশীল আচরণ করছে। |
| ৭.১.২ শিক্ষার্থী মৌলিক বিষয়বস্তু ভিত্তিক নির্দেশনা অনুসরণ করছে। | □ শিক্ষার্থী মৌলিক বিষয়বস্তু ভিত্তিক নির্দেশনা জেনে শিখন পরিবেশে শিক্ষকের নির্দেশ অনুসারে আংশিক নিয়ম মেনে চলছে | ○ শিক্ষার্থী মৌলিক বিষয়বস্তু ভিত্তিক নির্দেশনা জেনে শিখন পরিবেশে নিয়ম মেনে চলছে ও অর্পিত দায়িত্ব সঠিকভাবে ও সম্পূর্ণ পালন করছে | △ শিক্ষার্থী মৌলিক বিষয়বস্তু ভিত্তিক নির্দেশনা জেনে স্বপ্রণোদিত দিত হয়ে শিখন পরিবেশে এবং শিখন পরিবেশের বাইরে (পারিবারিক ও সামাজিক) নিয়ম মেনে চলছে |
| ৭.২.১ শিক্ষার্থী বয়স উপযোগী ধর্মীয় মৌলিক বিধি-বিধানগুলো অনুধাবন করছে। | □ মৌলিক বিধি-বিধানগুলো, মূল্যবোধ, নৈতিকতা এবং মানবিক গুণাবলি জেনে শিখন পরিবেশে লিখে বা অন্য যেকোনো উপায়ে আংশিক প্রকাশ করছে | ○ মৌলিক বিধি-বিধানগুলো, মূল্যবোধ, নৈতিকতা এবং মানবিক গুণাবলি জেনে শিখন পরিবেশে লিখে বা অন্য যেকোনো উপায়ে সম্পূর্ণ প্রকাশ করছে | △ মৌলিক বিধি-বিধানগুলো, মূল্যবোধ, নৈতিকতা এবং মানবিক গুণাবলি জেনে শিখন পরিবেশে স্বপ্রণোদিত হয়ে লিখে বা অন্য যেকোনো উপায়ে এবং আচরণে প্রকাশ করছে |
| ৭.২.২ শিক্ষার্থী বয়স উপযোগী ধর্মীয় মৌলিক বিধি-বিধানগুলো চর্চা করেছে। | □ ধর্মীয় মৌলিক বিধি-বিধানগুলো শিক্ষকের নির্দেশ অনুসারে আংশিক চর্চা করেছে। | ○ ধর্মীয় মৌলিক বিধি-বিধানগুলো শিক্ষকের নির্দেশ অনুসারে সম্পূর্ণ চর্চা করেছে। | △ ধর্মীয় মৌলিক বিধি-বিধানগুলো স্বপ্রণদিত হয়ে শিখন পরিবেশে এবং শিখন পরিবেশের বাইরে সম্পূর্ণ চর্চা করেছে। |
| ৭.৩.১ শিক্ষার্থী ধর্মীয় জ্ঞান ও মূল্যবোধ উপলব্ধি করে মানবিক গুণাবলি অর্জন করছে | □ অর্জিত মানবিক গুণাবলি শিখন পরিবেশে আচরণে আংশিক প্রকাশ করছে | ○ অর্জিত মানবিক গুণাবলি শিখন পরিবেশে আচরণে সম্পূর্ণ প্রকাশ করছে | △ অর্জিত মানবিক গুণাবলি শিখন পরিবেশে এবং শিখন পরিবেশের বাইরে স্বপ্রণোদিত হয়ে আচরণে সম্পূর্ণ প্রকাশ করছে |
| ৭.৩.২ শিক্ষার্থী নিজ পরিবেশ ও সমাজের মানুষ ও প্রকৃতির কল্যাণে নিজেকে সম্পৃক্ত করছে। | □ শিক্ষার্থী শিখন পরিবেশে মানুষ ও প্রকৃতির কল্যাণে নিজেকে আংশিক সম্পৃক্ত করছে। | ○ শিক্ষার্থী শিখন পরিবেশে মানুষ ও প্রকৃতির কল্যাণে নিজেকে সম্পূর্ণ সম্পৃক্ত করছে। | △ শিক্ষার্থী শিখন পরিবেশে এবং শিখন পরিবেশের বাইরে মানুষ ও প্রকৃতির কল্যাণে নিজেকে স্বপ্রণদিত হয়ে সম্পূর্ণ |

| | | | |
|---|---|---|---|
| | | | সম্পৃক্ত করছে। |

# পরিশিষ্ট ৩

## আচরণিক সূচক (Behavioural Indicator, BI)

এখানে আচরণিক সূচকের একটা তালিকা দেয়া হলো। বছর জুড়ে পুরো শিখন কার্যক্রম চলাকালে শিক্ষার্থীদের আচরণ, দলীয় কাজে অংশগ্রহণ, আগ্রহ, সহযোগিতামূলক মনোভাব ইত্যাদি পর্যবেক্ষণ করে এই সূচকসমূহে প্রত্যেক শিক্ষার্থীর অর্জনের মাত্রা নির্ধারণ করতে হবে। পারদর্শিতার সূচকের পাশাপাশি এই আচরণিক সূচকে অর্জনের মাত্রাও প্রত্যেক শিক্ষার্থীর ষাণ্মাসিক ট্রান্সক্রিপ্টের অংশ হিসেবে যুক্ত থাকবে, পরিশিষ্ট ১ এর ছক ব্যবহার করেই আচরণিক সূচকে মূল্যায়নের তথ্য সংগ্রহ করতে হবে।

| আচরণিক সূচক | শিক্ষার্থীর অর্জনের মাত্রা | | |
|---|---|---|---|
| | □ | ○ | △ |
| ১. দলীয় কাজে সক্রিয় অংশগ্রহণ করছে | দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে অংশ নিচ্ছে না, তবে নিজের মত করে কাজে অংশগ্রহণ করার চেষ্টা করছে | দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে যথাযথভাবে অংশগ্রহণ না করলেও দলীয় নির্দেশনা অনুযায়ী নিজের দায়িত্বটুকু যথাযথভাবে পালন করছে | দলের সিদ্ধান্ত ও কর্মপরিকল্পনায় সক্রিয় অংশগ্রহণ করছে, সেই অনুযায়ী নিজের ভূমিকা যথাযথভাবে পালন করছে |
| ২. নিজের বক্তব্য ও মতামত দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের বক্তব্য শুনে গঠনমূলক আলোচনায় অংশ নিচ্ছে | দলের আলোচনায় একেবারেই মতামত দিচ্ছে না অথবা অন্যদের কোন সুযোগ না দিয়ে নিজের মত চাপিয়ে দিতে চাইছে | নিজের বক্তব্য বা মতামত কদাচিৎ প্রকাশ করলেও জোরালো যুক্তি দিতে পারছে না অথবা দলীয় আলোচনায় অন্যদের তুলনায় বেশি কথা বলছে | নিজের যৌক্তিক বক্তব্য ও মতামত স্পষ্টভাষায় দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের যুক্তিপূর্ণ মতামত মেনে নিয়ে গঠনমূলক আলোচনা করছে |
| ৩. নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে | নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কিছু কিছু কাজের ধাপ অনুসরণ করছে কিন্তু ধাপগুলোর ধারাবাহিকতা রক্ষা করতে পারছে না | পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ অনুসরণ করছে কিন্তু যে নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে কাজটি পরিচালিত হচ্ছে তার সাথে অনুসৃত ধাপগুলোর সম্পর্ক স্থাপন করতে পারছে না | নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে পূর্বনির্ধারিত প্রক্রিয়া মেনে কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে, প্রয়োজনে প্রক্রিয়া পরিমার্জন করছে |
| ৪. শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো কদাচিৎ সম্পন্ন করছে তবে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করেনি | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো আংশিকভাবে সম্পন্ন করছে এবং কিছু ক্ষেত্রে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে | শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো যথাযথভাবে সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে |
| ৫. পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে | সঠিক পরিকল্পনার অভাবে সকল ক্ষেত্রেই কাজ সম্পন্ন করতে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে | যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করার চেষ্টা করছে কিন্তু সঠিক পরিকল্পনার অভাবে কিছুক্ষেত্রে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে | পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে |
| ৬. দলীয় ও একক কাজের বিভিন্ন ধাপে সততার পরিচয় দিচ্ছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে মনগড়া বা অপ্রাসঙ্গিক তথ্য দিচ্ছে এবং ব্যর্থতা লুকিয়ে রাখতে চাইছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনা, কাজের প্রক্রিয়া ও ফলাফল বর্ণনা ইত্যাদি ক্ষেত্রে বিস্তারিত তথ্য দিচ্ছে তবে এই বর্ণনায় নিরপেক্ষতার অভাব রয়েছে | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি সকল ক্ষেত্রে নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতার পরিচয় দিচ্ছে |
| ৭. নিজের দায়িত্ব পালনের পাশাপাশি অন্যদের কাজে সহযোগিতা করছে এবং দলে সমন্বয় সাধন করছে | এককভাবে নিজের উপর অর্পিত দায়িত্বটুকু পালন করতে চেষ্টা করছে তবে দলের অন্যদের সাথে সমন্বয় করছে না | দলে নিজ দায়িত্ব পালনের পাশাপাশি দলের মধ্যে যারা ঘনিষ্ঠ শুধু তাদেরকে সহযোগিতা করার চেষ্টা করছে | নিজের দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের পাশাপাশি অন্যদের কাজে প্রয়োজনীয় সহযোগিতা করছে এবং দলীয় কাজে সমন্বয় সাধনের চেষ্টা করছে |

| | | | |
|---|---|---|---|
| ৮. অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা রেখে তাদের মতামতের গঠনমূলক সমালোচনা করছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে গুরুত্ব দিচ্ছে না এবং নিজের দৃষ্টিভঙ্গি চাপিয়ে দিচ্ছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে স্বীকার করছে এবং অন্যের যুক্তি ও মতামতকে গুরুত্ব দিচ্ছে | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা বজায় রেখে তাদের মতামতকে গুরুত্ব দিচ্ছে এবং গঠনমূলক আলোচনার মাধ্যমে নিজের দৃষ্টিভঙ্গি তুলে ধরছে |
| ৯. দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে গঠনমূলক ফিডব্যাক দিচ্ছে | প্রয়োজনে দলের অন্যদের কাজের ফিডব্যাক দিচ্ছে কিন্তু তা যৌক্তিক বা গঠনমূলক হচ্ছে না | দলের অন্যদের কাজের গঠনমূলক ফিডব্যাক দেয়ার চেষ্টা করছে কিন্তু তা সবসময় বাস্তবসম্মত হচ্ছে না | দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে যৌক্তিক, গঠনমূলক ও বাস্তবসম্মত ফিডব্যাক দিচ্ছে |
| ১০. ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে সিদ্ধান্ত নিচ্ছে | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ ও নান্দনিকতার অভাব রয়েছে | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে বৈচিত্র্য আনার চেষ্টা করছে কিন্তু পরিমিতিবোধ ও নান্দনিকতা বজায় রাখতে পারছে না | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে যৌক্তিক সিদ্ধান্ত নিচ্ছে |

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ